তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ৩ ৫ কলাম ৫

সংবাদ

কুমিল্লায় কলেজছাত্রী তনু হত্যা

# ফুঁসে উঠেছে শিক্ষার্থী ও সংস্কৃতি অঙ্গন

## প্রতিবাদে সমাবেশ মানববন্ধন

**জাহিদুর রহমান, কুমিল্লা**

কুমিল্লায় কলেজ ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনুকে নৃশংসভাবে হত্যার ঘটনায় ফুঁসে উঠেছে শিক্ষার্থী ও সংস্কৃতি অঙ্গনের কর্মীরা। এ হত্যাকাণ্ডের প্রতিবাদে গতকাল কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন করেছে। সকাল সাড়ে ১০টা থেকে প্রায় এক ঘণ্টাব্যাপী শিক্ষার্থীদের বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে নগরীর ধর্মপুরের কলেজ ক্যাম্পাস। এদিকে বিকাল ৪টায় নগরীর কান্দিরপাড় পূবালী চত্বর এলাকায় পৃথক মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ কর্মসূচি পালন করা হয়। এতে নগরীর বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। পৃথক ফুঁসে : পৃষ্ঠা : ২ ক : ৫

### ফুঁসে : উঠেছে

(১৬ পৃষ্ঠার পর)

দুটি মানববন্ধনে হত্যাকাণ্ডে জড়িতদের অবিলম্বে গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান সহপাঠী ও কলেজের শিক্ষার্থীসহ সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।

জানা যায়, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের ইতিহাস বিভাগের (সম্মান) ২য় বর্ষের মেধাবী ছাত্রী ও ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের (ভিসিটি) সদস্য সোহাগী জাহান তনু গত রবিবার সন্ধ্যায় অলিপুর এলাকায় প্রাইভেট পড়ার জন্য বাসা থেকে বের হন। পরে ফিরে না আসায় বাড়ির লোকজন তাকে বিভিন্ন স্থানে খোঁজাখুজি করে। রাত ১১টার দিকে ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়সংলগ্ন কালা পানির ট্যাংকির কালভার্টের পাশের একটি জঙ্গলে লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়। পরে পুলিশ নিহতের লাশ উদ্ধার করে। এদিকে একটি লাশ পাওয়া গেছে এমন খবরে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে ওই লাশটি সোহাগীর বলে শনাক্ত করে। এ ব্যাপারে নিহতের পিতা কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস সহায়ক ইয়ার হোসেন গত সোমবার বিকালে কোতয়ালী মডেল থানায় অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেন। এদিকে কলেজ ছাত্রী নিহত হওয়ার প্রতিবাদে মঙ্গলবার সকাল সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত এক ঘন্টাব্যাপী ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের, আয়োজনে নগরীর ধর্মপুরস্থ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সামনে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। এতে কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের নেতৃবৃন্দ অংশগ্রহণ করে। মানববন্ধনে বক্তব্য রাখেন কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আব্দুর রশীদ, কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক জহিরুল ইসলাম পাটোয়ারী, ভিক্টোরিয়া কলেজ থিয়েটারের সভাপতি রাশেদুল ইসলাম, কলেজ ছাত্রলীগের আহবায়ক কাজী সায়েম ও সদস্য সচিব নাসিমুল হক হেলাল প্রমুখ। মানববন্ধনে কলেজ অধ্যক্ষ প্রফেসর মো. আবদুর রশীদ বলেন, তনু আমাদের মেয়ে, আমরা তার হত্যার বিচার চাই। হত্যাকাণ্ডের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির জন্য তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। এদিকে মঙ্গলবার বিকেল ৪টায় নগরীর পূবালী চত্বর এলাকায় সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে পৃথক মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ কর্মসূচি পালন করা হয়। এতে বক্তব্য রাখেন কুমিল্লা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আহবায়ক পাপড়ী বসু, নারী নেত্রী দিলনাশি মোহসেন, অ্যাডভোকেট ফাহমিদা জেবিন, সমাজকর্মী অ্যাডভোকেট শহীদুল হক স্বপন, অ্যাডভোকেট নাজনীন কাজলসহ নগরীর বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ। মানববন্ধনে তারা ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। এ বিষয়ে কুমিল্লার অতিরিক্ত পুলিশ সুপার (দক্ষিণ) মো. আবদুল্লাহ আল মামুন জানান, 'কলেজ ছাত্রী সোহাগী জাহান তনু হত্যার ঘটনায় দায়েরকৃত মামলার রহস্য এখনো উদঘাটন হয়নি। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পর হত্যার প্রকৃত কারণ জানা যাবে। এ হত্যাকাণ্ডের বিষয়টি পুলিশ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তদন্ত করছে। এ ঘটনায় সহসাই প্রকৃত অপরাধীদের শনাক্ত করে গ্রেফতার জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে।'